

রিপোর্ট:

মানবিক বিপর্যয় ও দেশপ্রেম

জসিম মল্লিক- টরন্টো, কানাডা থেকে

jasim.mallik@gmail.com

ঘূর্ণিঝড় 'সিডর' আঘাত করায় দেশে পুনরায় ভয়াবহ মানবিক বিপর্যয় দেখা দিয়েছে। হাজার হাজার পরিবার গৃহহীন হয়েছে। মারা গেছে শত শত লোক। সিডরের ভয়াল রূপ পুরো বিশ্বকে হতবাক করে দিয়েছে। অবর্ণনীয় ক্ষতি হয়েছে মানব সম্পদের। প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দিন আহমেদের সময়োচিত ও দেশনায়োকচিত আহ্বানে সাড়া দিয়ে জতিসংঘ সহ পুরো পৃথিবী সাহায্য নিয়ে ঝাঁপিয়ে পড়েছে। আমেরিকা, সৌদি আরব, ভারত, পাকিস্তান সহ অন্যান্য দেশগুলো যেকোনো সময়ের চেয়ে বেশী সাহায্যের হাত বাড়িয়েছে। এই বিপর্যয়ে প্রবাসী বাংলাদেশীরা এগিয়ে এসেছে অন্য যে কোনো সময়ের চেয়ে বেশী। অতি দ্রুততার সাথে তারা সাহায্য পাঠাচ্ছে দেশে। তাদের এই দেশপ্রেম বৃথা যেতে পারেনা। প্রবাসীদের এই মানব প্রেমের জন্য আমার কৃতজ্ঞতা রইল।

এবারের প্রাকৃতিক দুর্যোগ তত্বাবধায়ক সরকারের জন্য শাপেবর হয়েছে। দু'দুবারের ভয়াবহ বন্যা এবং ঘূর্ণিঝড় সিডর তারা দক্ষতার সাথে মোকাবেলা করেছে। তাদের আন্তরিকতা এবং দেশপ্রেম এখন মানুষের মুখে মুখে। অতীতের মত এবারেও সেনাবাহিনী, বিমানবাহিনী এবং নৌবাহিনী যেভাবে বন্যা এবং ঘূর্ণিঝড়ে মানুষের পাশে দাঁড়িয়েছে তা মানুষের মনে গেঁথে গেছে। সেজন্য তাদের আন্তরিক ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই স্বেচ্ছাসেবী সংস্থা, ব্যবসায়ী এবং অন্যান্য সাধারণ মানুষদের।

অতীতে যেভাবে রিলিফ চুরি হয়েছে এই প্রথম তার কোন সম্ভবনা নাই দেখে জনগন পরম স্বস্তিবোধ করছে। সম্ভবত সেজন্যই দাতা দেশগুলোও অভাবনীয় সাহায্য দিয়ে যাচ্ছে। যে কোন রাজনৈতিক সরকার ক্ষমতায় থাকলে এই সুযোগে কত লোক যে পকেট ভারি করতো তা আমরা জেলখানার দিকে তাকালেই দেখতে পাই। বেশিরভাগ মন্ত্রী এমপিই বর্তমানে দুর্নীতির অভিযোগে সাজাপ্রাপ্ত; রাজনৈতিক কারণে নয়। জনগন চায় এ সরকার আরো বেশীদিন ক্ষমতায় থেকে দেশকে স্বাবলম্বি করে গড়ে তুলুক। পুরনো নেতৃত্ব দিয়ে সৎ মানুষের শাসন নিশ্চিত তারা সম্ভব নয় বলে তারা মনে করে। জনগন চায়না দেশ আবার লুটপাট আর প্রতিহিংসার দিনগুলোতে ফিরে যাক। দুই নারীর ব্যক্তিগত রেম্বারেশির শিকার আর জনগন হতে চায়না

রাজনীতিবিদদের প্রতি অনুরোধ আপনারা হাত গুটিয়ে বসে না থেকে আত্মমানবতার সেবায় এগিয়ে আসুন । ভোটের জন্য আপনাদের জনগণের কাছেই যেতে হবে । দেশপ্রেম প্রদর্শনের এখনই সুযোগ । না হলে কী নিয়ে তাদের পাশে দাঁড়াবেন!